প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা - ২০১৮ এর মডেল প্রশ্ন

বিষয়: হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষা

সময়– ২ ঘণ্টা ৩০ মিনিট; পূর্ণমান– ১০০

[দ্রষ্টব্য : দক্ষিন পাশে উল্লিখিত সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক।]

১. নিচের প্রশ্নগুলোর উত্তর সংক্ষেপে উত্তরপত্রে লেখ : ২ × ১৫ = ৩০

(ক) শিশুপাল কোন দেশের রাজা ছিলেন? তিনি কেমন লোক ছিলেন?
(খ) রাস্তায় শিক্ষকের সাথে দেখা হলে তুমি কী করবে?
(গ) বিশেষ চাহিদাসম্পন্ন শিশুদের প্রতি তুমি কেমন আচরণ করবে?
(ঘ) পরমতসহিষ্ণুতা গুণটি তুমি তোমার নিজের জীবনে কীভাবে প্রয়োগ করবে?
(ঙ) ভীম রাক্ষসটাকে কীভাবে মেরেছিলেন?
(চ) 'বশিষ্ঠের অহিংসা ধর্ম' কাহিনিটি অধ্যয়ন করলে তুমি কয়টি চরিত্র দেখতে পাবে?
(ছ) যোগব্যায়ামের নিয়ম ও পদ্ধতি না মানলে কী হয়?
(জ) যোগব্যায়াম বলতে তুমি কী বোঝ?
(ঝ) পড়ালেখায় মন বসানোর জন্য তুমি কোন আসন করবে?
(ঞ) উপাসনার ক্ষেত্রে আসনের ভূমিকা কী?
(ট) বিদুলা যুদ্ধ করতে বললে সঞ্জয় কী বলেছিলেন?
(ঠ) 'বিদুলার দেশপ্রেম' গল্পটি থেকে আমরা কী নৈতিক শিক্ষা লাভ করব?
(ড) পূজা-পার্বণে আলপনা দেখে আমরা খুশি হই কেন?
(ঢ) মহালয়ায় কাদের স্মরণ করা হয়?
(ণ) অমাবস্যা তিথিতে মহালয়ার ঘোষণায় আমরা কী শুনতে পাই?

২. সঠিক শব্দ দিয়ে শূন্যস্থান পূরণ কর (যেকোনো ১২টি) : ১ × ১২ = ১২

(ক) স্বামী প্রণবানন্দ ১৯৩৫ খ্রিষ্টাব্দে এক —— আয়োজন করেন।
(খ) স্বামীজীর বাণী শুনে মানুষেরা —— সন্ধান পায়।
(গ) লক্ষ লক্ষ অনুন্নত শ্রেণির মানুষ তাঁর শিষ্যত্ব গ্রহণ করে —— থেকে মুক্তি লাভ করে।
(ঘ) বিভিন্ন ধর্মের মত ও —— মধ্যে পার্থক্য রয়েছে।
(ঙ) হিন্দুরা সৃষ্টিকর্তাকে —— বলেন।
(চ) শিষ্টাচার প্রদর্শনে সমাজ থাকবে ——।
(ছ) জীবের মধ্যে ঈশ্বর আত্মারূপে —— করেন।
(জ) শিষ্টাচার ধর্মের অঙ্গারূপে —— হয়।
(ঝ) বিশ্বামিত্র বশিষ্ঠের কাছে কামধেনুটি —— করলেন।
(ঞ) বনে বাস করত —— রাক্ষস।
(ট) রাক্ষসের আহরের জন্য প্রয়োজন একজন মানুষ, —— এবং অনেক ভাত।
(ঠ) স্বাস্থ্যের জন্য আহারের পাশাপাশি —— প্রয়োজন।
(ড) —— বলতে শরীর ও মনকে সুস্থ রাখা বোঝায়।
(ঢ) শরীর ও মন সুস্থ না থাকলে জীবন হয় ——।

https://teachingbd24.com

৩. বাম পাশের সাথে ডান পাশের মিল কর : ২ × ৫ = ১০

বাম	ডান
ক. ঐতিহ্যের পরিচয় পাওয়া যায়	ক. শিল্পচর্চার পরিচায়ক।
খ. মন্দিরগুলোর কারুকার্য	খ. ঐতিহ্যকে সংরক্ষণ করা।
গ. কান্তজি মন্দিরগাত্রের চিত্রকাহিনি	গ. মর্মর পাথরে গড়া।
ঘ. ধর্মসংগীত	ঘ. পোড়ামাটির ফলকে খোদাই করা।
ঙ. আমাদের কর্তব্য	ঙ. আমাদের ঐতিহ্য।
	চ. পূজার প্রতিমায়।
	ছ. দেব-দেবীর রূপের।

৪. যেকোনো আটটি প্রশ্নের উত্তর দাও : ৬ × ৮ = ৪৮

(ক) পরমতসহিষ্ণুতা কাকে বলে? পরমতসহিষ্ণুতার গুরুত্ব চারটি বাক্যে লেখ।

(খ) তুমি গুরুজনদের প্রতি ভক্তিপূর্ণ আচরণ কর। এতে তোমার চরিত্রের কোন দিকটির প্রকাশ ঘটে? ছয়টি বাক্যে লেখ।

(গ) পরোপকার কী? তুমি কি পরোপকারী হতে চাও? তুমি কেন পরোপকারী হতে চাও সে সম্পর্কে তিনটি বাক্য লেখ।

(ঘ) জীব সেবা করলে কে সন্তুষ্ট হন? পরোপকারী হতে হলে কী করতে হবে? পাঁচটি বাক্যে লেখ।

(ঙ) স্বাস্থ্য কী? শরীর অসুস্থ থাকলে যে ধরনের ক্ষতি হয় সে সম্পর্কে পাঁচটি বাক্য লেখ।

(চ) 'বেশি খাবি তো কম খা'— শ্রীরামকৃষ্ণ পরমহংসদেব একথা কেন বলেছেন? পাঁচটি বাক্যে লেখ।

(ছ) গোমুখাসন কাকে বলে? এ আসনের পাঁচটি উপকারিতা লেখ।

(জ) নিয়মিত আসন অনুশীলনের গুরুত্ব ব্যাখ্যা কর।

(ঝ) দেশের প্রতি আমাদের অনুরাগ ও ভালোবাসা রয়েছে। এই ভালোবাসা ও অনুরাগকে কী বলে? এটি কীসের অঙ্গ? এ গুণটি সম্পর্কে চারটি বাক্য লেখ।

(ঞ) ঐতিহ্য কাকে বলে? নিজ ধর্মের ঐতিহ্য অন্যদের নিকট কীভাবে প্রকাশ করবে? এ সম্পর্কে চারটি বাক্য লেখ।

উত্তরমালা

২. (ক) হিন্দু মহাসম্মেলনের, (খ) নবজীবনের, (গ) মানসিক হীনম্মন্যতা, (ঘ) পথের, (ঙ) ঈশ্বর, (চ) শান্ত-সুন্দর, (ছ) বিরাজ, (জ) বিবেচিত, (ঝ) দাবি, (ঞ) বক, (ট) দুটি মহিষ, (ঠ) উপবাস, (ড) স্বাস্থ্যরক্ষা, (ঢ) অশান্তিময়।

৩. (ক + চ), (খ + ঙ), (গ + ঘ), (ঘ + ক), (ঙ + খ)।

Teachingbd24.com